

Department of Education

# অর্থ বছর 2026 কন্ট্র্যাক্টস্ ফর এক্সেলেন্স এবং ক্লাসে শিক্ষার্থী সংখ্যা বিষয়ক সম্পৃক্ততা

**FY 2026 প্রস্তাবিত পরিকল্পনা**

*বরো ভিত্তিক শুনানি বা হিয়ারিং _ স্ট্যাটেন আইল্যান্ড*

11 জুন, 2025

# কন্ট্রাক্টস্ ফর এক্সেলেন্স-এর (C4E) পটভূমি

- ফাউন্ডেশন এইড-এর অধীনে স্টেট-এর 2007-08 সালের কার্যকরী বাজেটের অংশ হিসেবে C4E আইন প্রতিষ্ঠা করা হয় এবং ফাউন্ডেশন এইড-এর একটি অংশ সুনির্দিষ্ট সীমাবদ্ধ উদ্দেশ্যে ব্যবহার করা আবশ্যক করে।

- C4E আবশ্যক করে যে, যেসব শিক্ষার্থীর শিক্ষাগত চাহিদা সর্বাধিক, এতে অন্তর্ভুক্ত ইংরেজিতে সীমিত দক্ষতা সম্পন্ন শিক্ষার্থী, দারিদ্র্যপীড়িত শিক্ষার্থী, এবং প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী, তাদের সফলতা বৃদ্ধির জন্য সুনির্দিষ্ট প্রোগ্রামসমূহের প্রতি যেন অর্থায়ন বরাদ্দ করা হয়।

- 2022-এ, C4E আইনটি ক্লাসে শিক্ষার্থীর সর্বোচ্চ সংখ্যা সম্পর্কিত অতিরিক্ত বাধ্যবাধকতা অন্তর্ভুক্ত করার জন্য হালনাগাদ করা হয়েছিল।

# কন্ট্রাক্টস্ ফর এক্সেলেন্স-এর (C4E) পটভূমি

তহবিল শুধুমাত্র উল্লেখিত উদ্যোগসমূহে অবশ্যই ব্যয় করতে হবে। দৃষ্টান্ত হিসেবে, উদ্যোগ অনুযায়ী বিভিন্ন প্রোগ্রামের উদাহরণ, SED অনুমোদন সাপেক্ষে, নিচে অন্তর্ভুক্ত করা হয়েছে।

- অতিরিক্ত শিক্ষা-নির্দেশনামূলক সময়: "টাস্কে নিয়োজিত সময়"। **উদাহরণ:** এক্সটেন্ডেড স্কুল ইয়ার (দীর্ঘায়িত শিক্ষা বছর), আফটার স্কুলে শিক্ষায়তনিক সহায়তা।
- বহুভাষী শিক্ষার্থীদের (মাল্টিলিঙ্গুয়াল লার্নার) জন্য আদর্শ প্রোগ্রামসমূহ। **উদাহরণ:** লাইব্রেরিতে দ্বিভাষীক তথ্য-সংস্থানমূলক উপকরণ বৃদ্ধি করা।
- পূর্ণ দিবসের প্রি-কিন্ডারগার্টেন এবং কিন্ডারগার্টেন। **উদাহরণ:** পূর্ণ দিবসের প্রি-কিন্ডারগার্টেন 4K বাস্তবায়নের সাথে সম্পর্কিত ক্লাস সংযোজন (অতিরিক্ত স্টাফ) এবং/অথবা ব্যয়।
- ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা কমানো। **উদাহরণ:** শিক্ষার্থী/শিক্ষক আনুপাতিক হার হ্রাস করতে শিক্ষক নিয়োগদান/শিক্ষকের বেতন প্রদান
- শিক্ষক এবং প্রিন্সিপালের মান সংক্রান্ত উদ্যোগসমূহ। **উদাহরণ:** উচ্চ চাহিদাযুক্ত এলাকাগুলোতে শিক্ষাদানে উচ্চ মানসম্পন্ন শিক্ষকদের জন্য একটি নগদ-ভিন্ন প্রণোদনা উদ্যোগ গঠন
- মিডল/হাই স্কুল পুনর্গঠন। **উদাহরণ:** অ্যাডভান্স প্লেসমেন্ট (উচ্চতর পাঠ্যক্রমে পড়ার সুযোগ) প্রোগ্রামগুলোতে অংশগ্রহণ বৃদ্ধি।
- অতিরিক্তভাবে, SED কমিশনার পরীক্ষামূলক প্রোগ্রামসমূহ বাস্তবায়নের জন্য ডিস্ট্রিক্টগুলোকে অনুমোদন দিতে পারেন। এই ধরণের অনুমোদন অবশ্যই বাস্তবায়নের আগে মঞ্জুর করতে হবে।
- যোগ্য ব্যবহার এবং বাধ্যবাধকতা সম্পর্কে আরও তথ্য NYSED-এর ওয়েবসাইটে https://www.p12.nysed.gov/mgtserv/C4E/htm/researchandguide.html -এ পাওয়া যেতে পারে।

# কন্ট্রাক্টস্ ফর এক্সেলেন্স (C4E) FY2026-এর জন্য

- **C4E FY 2026 (আর্থিক বছর 2026)-এ $286 মিলিয়ন বৃদ্ধি পেয়ে $802 মিলিয়ন থেকে $1.089 বিলিয়ন হবে।**
  - এতে থাকবে FY 2026-এ নির্দেশভুক্ত ক্লাসে শিক্ষার্থীর সংখ্যার জন্য ব্যবহৃত নতুন অর্থায়নের $241 মিলিয়ন ডলার এবং বিদ্যমান অর্থায়নের $45 মিলিয়ন ডলার যা গত বছরের ক্লাস সাইজের বরাদ্দ থেকে পর্যায়ক্রমে C4E হিসেবে যাবে এবং ক্লাসে শিক্ষার্থীর সংখ্যার জন্য ব্যবহার চলমান থাকবে।

- **আর্থিক বছর 2026-এ (FY2026) প্রস্তাবিত বরাদ্দ $1.089 বিলিয়ন**
  - **স্বেচ্ছাধীন - $487 মিলিয়ন।**
    - এই তহবিলগুলো স্কুলগুলোতে বরাদ্দ করা হয় এবং স্কুলের বিবেচনা সাপেক্ষে যেকোনো উপযুক্ত C4E উদ্দেশ্যে ব্যবহার করা যেতে পারে। পূর্ববর্তী স্লাইডে ব্যবহৃত যোগ্যতার সাথে সামঞ্জস্য রেখে এই SY 2025-26-এর অর্থায়ন ব্যবহারের পরিকল্পনার জন্য প্রিন্সিপালরা তাদের স্কুল লিডারশিপ টিমগুলোর (SLTs) সাথে কাজ করবেন। তারা SY 2024-25-এর অর্থায়নের ব্যবহারে পরিবর্তন আনার সিদ্ধান্ত নিতে পারেন অথবা SY 2024-25-এর মতো বিদ্যমান কর্মীদের পদসমূহ বা প্রোগ্রামসমূহ বজায় রাখার সিদ্ধান্ত নিতে পারেন।
  - **উদ্দিষ্টকৃত প্রয়াশ এবং এর রক্ষণাবেক্ষণ - $602 মিলিয়ন।**
    - এসব তহবিল (ফান্ড) সুনির্দিষ্ট যোগ্য প্রোগ্রামসমূহের সমর্থনে স্কুলগুলোতে বরাদ্দ দেয়া হয়। যেসব স্কুল বরাদ্দ লাভ করে, সেগুলোকে বাছাই করা হয় (a) সার্বিক শিক্ষার্থী চাহিদা এবং (b) নির্দিষ্ট প্রোগ্রাম সম্পাদনার দক্ষতার ভিত্তিতে।
      - **$241 মিলিয়ন – ক্লাসের শিক্ষার্থী সংখ্যা কমানোর বাধ্যবাধকতার জন্য নতুন C4E**
      - **$ 45 মিলিয়ন –ক্লাসের শিক্ষার্থী সংখ্যা কমানোর বাধ্যবাধকতা (চলমান)**
      - $183 মিলিয়ন – শিক্ষার্থীর জন্য ন্যায্য অর্থায়ন (ফেয়ার স্টুডেন্ট ফান্ডিং)
      - $ 87 মিলিয়ন - সমন্বিত সহ-শিক্ষকতার (ইনটিগ্রেটেড কো-টিচিং) ক্লাসরুম
      - $ 30 মিলিয়ন – গ্রীষ্মকালীন বা সামার প্রোগ্রাম (MOE)
      - $ 9 মিলিয়ন – পূর্ণ-দিবস প্রি-কিন্ডারগার্টেন
      - $ 7 মিলিয়ন – অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার ক্লাসরুম

# তহবিলসমূহের প্রস্তাবিত বণ্টন
# সিটিব্যাপী

| বরাদ্দের ধরন | পরিমাণ | % |
|---|---|---|
| স্বেচ্ছাধীন (স্কুলগুলো অনুমোদিত প্রোগ্রামসমূহের মাঝে ব্যবহারের সিদ্ধান্ত নেবে) | $486,627,874 | 44.70% |
| ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা হ্রাস করার জন্য নতুন C4E (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে) | $241,137,541 | 22.15% |
| শিক্ষার্থীর জন্য ন্যায্য অর্থায়ন (ফেয়ার স্টুডেন্ট ফান্ডিং) (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে) | $182,752,118 | 16.79% |
| সমন্বিত সহ-শিক্ষকতার (ইনটিগ্রেটেড কো-টিচিং) ক্লাসরুম (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে) | $87,354,695 | 8.02% |
| ক্লাসে শিক্ষার্থীর সংখ্যার জন্য পর্যায়ক্রমিক (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে) | $44,967,715 | 4.13% |
| গ্রীষ্মকালীন কর্মসূচি বা সামার প্রোগ্রামিং (প্রয়াশ ব্যবস্থাপনা) | $30,000,000 | 2.76% |
| পূর্ণ দিবসের প্রি-কিন্ডারগার্টেন (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে) | $8,702,365 | 0.80% |
| অটিজম স্পেক্ট্রাম ডিজঅর্ডার ক্লাসরুম (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে) | $7,110,664 | 0.65% |
| **সর্বমোট** | **$1,088,652,972** | **100.00%** |

# প্রস্তাবিত তহবিল বরাদ্দ
# স্ট্যাটেন আইল্যান্ড

| **বরাদ্দের ধরন** | **পরিমাণ** | **%** |
|---|---:|---:|
| স্বেচ্ছাধীন (স্কুলগুলো অনুমোদিত প্রোগ্রামসমূহের মাঝে ব্যবহারের সিদ্ধান্ত নেবে) | $26,347,640 | 38.63% |
| ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা হ্রাস করার জন্য নতুন C4E (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে) | $17,567,628 | 25.76% |
| শিক্ষার্থীর জন্য ন্যায্য অর্থায়ন (ফেয়ার স্টুডেন্ট ফান্ডিং) (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে) | $12,696,947 | 18.62% |
| সমন্বিত সহ-শিক্ষকতার (ইনটিগ্রেটেড কো-টিচিং) ক্লাসরুম (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে) | $5,752,234 | 8.43% |
| ক্লাসে শিক্ষার্থীর সংখ্যার জন্য পর্যায়ক্রমিক (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে) | $1,483,183 | 2.18% |
| গ্রীষ্মকালীন কর্মসূচি বা সামার প্রোগ্রামিং (প্রয়াশ ব্যবস্থাপনা) | $1,819,562 | 2.67% |
| পূর্ণ দিবসের প্রি-কিন্ডারগার্টেন (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে) | $508,644 | 0.75% |
| অটিজম স্পেক্ট্রাম ডিজঅর্ডার ক্লাসরুম (লক্ষ্যস্থিরকৃত: স্কুলগুলোকে অবশ্যই এই উদ্দেশ্যে ব্যয় করতে হবে) | $2,021,447 | 2.96% |
| **সর্বমোট** | **$68,197,285** | **100.00%** |

# কন্ট্রাক্টস্ ফর এক্সেলেন্স-এর জন্য জনসাধারণের মতামত

- আমরা যখন এই আইনি বাধ্যবাধকতার অনুবর্তিতায় কাজ করছি, তখন আসন্ন সপ্তাহগুলোতে আমরা C4E পরিকল্পনার উপর জনসাধারণের মন্তব্য বিবেচনায় নেব।

- 8 (আট) জুলাই, 2025 হলো C4E পরিকল্পনার উপর জনসাধারণের মন্তব্য জমা দেয়ার শেষ তারিখ।

- শিক্ষাবিদ, পিতামাতা, ও দেখাশোনার দায়িত্বপ্রাপ্ত, এবং নিউ ইয়র্ক সিটি কমিউনিটির অন্যান্য সদস্য contractsforexcellence@schools.nyc.gov -ঠিকানায় ইমেইলের মাধ্যমে তাদের মন্তব্য জমা দিতে পারেন।

# ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা হ্রাসের পরিকল্পনা

- কন্ট্রাক্ট ফর এক্সেলেন্স গণ-প্রক্রিয়ার অংশ হিসেবে একটি **খসড়া** পরিকল্পনা প্রকাশ করা হয়েছে।

- এই প্রক্রিয়ার মধ্য দিয়ে জনসাধারণ মতামত জানাতে সক্ষম হন।

- জনসাধারণের মতামতের ভিত্তিতে, NYCPS শিক্ষক ও প্রিন্সিপালদের ইউনিয়নের সাথে কাজ করে পরিকল্পনা চূড়ান্ত করবে। আইনের অধীনে, এটা চূড়ান্ত করার আগে এই ইউনিয়নদের অবশ্যই সম্মত হতে হবে।

- পরিকল্পনাটি স্কুল-পর্যায়ে নীতি এবং কেন্দ্রীয়-পর্যায়ে নীতিসমূহের রূপরেখা প্রদান করে।

# ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা হ্রাসের পরিকল্পনার সারসংক্ষেপ

- পরিকল্পনায় অন্তর্ভুক্ত:
  - 2025-2026 শিক্ষা বছরের জন্য স্কুল কর্তৃক পরিচালিত পরিকল্পনা পদ্ধতি, যার সরাসরি ফলশ্রুতিতে স্কুলগুলোকে বাড়তি সহায়-সংস্থান প্রদান করা হয়েছে, এবং এতে অন্তর্ভুক্ত অতিরিক্ত সিটি অর্থায়নের পাশাপাশি কন্ট্রাক্ট ফর এক্সেলেন্স-এর জন্য $241 মিলিয়ন।
    - **প্রায় 750-টি স্কুলকে আনুমানিক 3,700 জন *নতুন* শিক্ষক নিয়োগদানের অর্থ অনুদান দেয়া হয়েছে।**
    - প্রতিটি স্কুল পৃথকভাবে SLT-এর সাথে পরামর্শ করার মাধ্যমে পরিকল্পনাগুলো তৈরি করা হয়েছে
    - পরিকল্পনাগুলো NYCPS, ইউনাইটেড ফেডারেশন অভ টিচার্স (UFT), এবং কাউন্সিল ফর স্কুল সুপারভাইজারস্ (CSA) দ্বারা সম্মিলিতভাবে পর্যালোচনা করা হয়েছে।
  - ড্যাটা (উপাত্ত) থেকে দেখা যায় যে, NYCPS জুড়ে **46% ক্লাস** 24-25 শিক্ষা বছরের জন্য উদ্দিষ্ট লক্ষ্যের নিচে ছিল, যা এই বছরের জন্য 40% অর্জনের আইনি বাধ্যবাধকতার বেশি।
  - প্রিন্সিপালের স্থান সংক্রান্ত জরিপ এবং রুমগুলিকে শিক্ষা-নির্দেশনার স্থানে পরিবর্তন করার কাজের ফলাফলের হালনাগাদ তথ্যের ভিত্তিতে NYCPS অনুমান করছে যে, যেসব স্কুলে স্থান নেই সেগুলোর অনুবর্তী হতে **অতিরিক্ত 1500-টি আসন** প্রয়োজন হবে
  - ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা বিষয়ক আইনের প্রতি সাড়া দিয়ে এবং স্থানীয় ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা বিষয়ক চাহিদার ভিত্তিতে SCA **দীর্ঘমেয়াদী প্রক্রিয়াটি সম্প্রসারিত করেছে**।
  - **শিক্ষক নিয়োগদান এবং ধরে রাখার সহায়তায়** বহুবিধ কৌশল অবলম্বন, এতে অন্তর্ভুক্ত একটি নতুন ডিস্ট্রিক্ট পয়েন্ট পাইলট।

# ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা হ্রাসের পরিকল্পনার জন্য জনসাধারণের মতামত

- আমরা যখন এই আইনের অনুবর্তিতায় কাজ করছি, তখন আসন্ন সপ্তাহগুলোতে আমরা জনসাধারণের মন্তব্য বিবেচনায় নেব।
- কোনও মন্তব্য জমা দেয়ার শেষ তারিখ 8 (আট) জুলাই, 2025।
- শিক্ষাবিদ, পিতামাতা, ও দেখাশোনার দায়িত্বপ্রাপ্ত, এবং নিউ ইয়র্ক সিটি কমিউনিটির অন্যান্য সদস্য ClassSize@schools.nyc.gov -ঠিকানায় ইমেইলের মাধ্যমে তাদের মন্তব্য জমা দিতে পারেন।